

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩০৫৭

আগরতলা, ১৩ মার্চ, ২০২৫

ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ পরিচালিত মাধ্যমিক পরীক্ষা শান্তিপূর্ণ

ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ পরিচালিত মাধ্যমিক ও মাদ্রাসা আলিম পরীক্ষায় আজ অঙ্ক (বেসিক ও স্ট্যান্ডার্ড) বিষয়ে পরীক্ষা নেওয়া হয়। রাজ্যে ৬৮টি মাধ্যমিক পরীক্ষা কেন্দ্রের অন্তর্গত সব পরীক্ষার স্থল শান্তিপূর্ণ ছিল। আজ সারা রাজ্যে পরীক্ষায় বসেছিল ২৮,৯৯০ জন পরীক্ষার্থী। তার মধ্যে ছাত্র ১৩,৪৯৯ জন ও ছাত্রী ১৫,৪৯১ জন। ৯০ জন ছাত্র ও ১১০ জন ছাত্রী পরীক্ষায় অনুপস্থিত ছিল। ছাত্রছাত্রীর উপস্থিতির হার ৯৯.৩১ শতাংশ।

ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ থেকে জানানো হয়েছে, মধ্যশিক্ষা পর্ষদের সভাপতি ধনঞ্জয় গণচৌধুরী ড. শ্যামাপ্রসাদ মুখার্জী উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়, চন্দ্রপুর উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়, মাতঙ্গিনী হাজরা উচ্চতর মাধ্যমিক বালিকা বিদ্যালয়, ত্রিপুরাসুন্দরী উচ্চতর মাধ্যমিক বালিকা বিদ্যালয় ও রমেশ উচ্চতর মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে পরীক্ষাশ্রলগুলি পরিদর্শন করেন। পর্ষদের ওএসডি পল্লবকান্তি সাহা প্রাচ্যভারতী উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়, কামিনীকুমার স্মৃতি উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়, বিদ্যাসাগর উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়, মহাত্মাগান্ধী উচ্চতর মাধ্যমিক বিদ্যালয় পরীক্ষাশ্রলগুলি পরিদর্শন করেন। আগামীকাল উচ্চতর মাধ্যমিকের ভূগোল বিষয়ের পরীক্ষা গ্রহণ করা হবে।
